

ব্রহ্মবংশ অবতংস, বিরাট মহান বংশ,
 বৌদ্ধ সাধু অপূর্ব সংহতি।।
 বাল্ললের অত্যাচার, জানো সব সমাচার?
 সাধুজনে করে হতমান!
 ধর্ম প্রতি তৎপর, প্রাণাপেক্ষা প্রিয়তর,
 ধর্ম রাখে করি প্রাণ দান।।
 সে সব সাধুর বংশ, সাধক পরমহংস,
 নমঃশূদ্র কুলে লয় জন্ম।
 বীর্যহীন ব্রহ্মসূত, ক্লেব্য দোষেতে পুরিত,
 ভ্রমে করে যত হীন কর্ম।।
 তদপেক্ষা নমঃশূদ্র, কিছুতে নহেক ক্ষুদ্র,
 বিনা দোষে দেবী বটে রয়।
 গুণহে ব্রাহ্মণ বর্গ, কিবা ধর্ম, কিবা মার্গ,
 সত্যভাষী বটে শ্রেষ্ঠ হয়।।
 সত্যের নাহিক আন, সত্য যে ধর্মের প্রাণ,
 সত্যভাষা সত্যকর্ম ধন্য।
 সত্যকে মানিতে হ'লে, মনের হীনতা ফেলে,
 যাহা সত্য তাহা কর মান্য।।”
 এসব ভারতী গুণি, দ্বিজেরা প্রমাদ গণি,
 ধীরে ধীরে সবে অন্তর্ধান।
 করে সবে কানাকানি, ‘এ বড় অদ্ভুত গুণি,
 গেল রাজ্য গেল জাতি, মান’।।
 কুলাঙ্গার রামদাস, করে’ এই দেশে বাস,
 মো’ সবারে করে অপমান।
 সকলে গুণহে ভাই, কোন যোগসূত্র নাই,
 যায় যাক্ থাকে থাক্ প্রাণ।।
 কেমন মৈথিলী দেখি, কিছু না রাখিব বাকী,
 সমাজেতে নাহি দিব স্থান।
 ‘নমঃশূদ্র বীর্যবান’, করে গুণু এই গান,
 নমঃশূদ্র করে গুণগান।’
 এইভাবে দিন যায়, হিন্দু সব দূরে রয়,
 নমঃ সঙ্গে রামদাস রহে।

ক্রমে এক পুত্র হয়, চন্দ্রতুল্য দেখি কায়,
 চন্দ্রমণি নাম তার কহে।।
 শ্রীচন্দ্রমোহন যবে, বয়সে যুবক হবে,
 পিতা তার চিন্তে’ মনে মনে।
 পুত্রের বিবাহ দিতে, ইচ্ছা’ত আমার চিতে,
 যোগ্য কন্যা পাই কোনখানে।।
 ব্রাহ্মণের ঘরে ঘরে, সাধুজী ভ্রমণ করে,
 কন্যা লাগি করে অত্বেষণ।
 জুটিয়া ব্রাহ্মণ সব, করি ঘোর উচ্চরব,
 বলে সাধু ‘একি অঘটন!
 নমঃশূদ্র বীর্যবান, তা’দের নিকট যান,
 বীর্যবতী নারী সেথা আছে।
 মোরা বীর্যহীন সবে, নিবীর্যে কি কাজ হ’বে,
 মুক্তা ফেলি কাচ কেবা যাচে।।
 ব্রাহ্মণের চেয়ে বড়, নমঃশূদ্র অতি দড়,
 বড় ছাড়ি ছোট কেন লও?
 মৈথিলী ব্রাহ্মণ শ্রেষ্ঠ, বোঝ ভাল ইষ্ট-নিষ্ঠ,
 তবে কেন হেন বাক্য কও?
 উপহাস বাণী গুণি, সাধকের শিরোমণি,
 মনে মনে বড় ব্যথা পায়।
 অন্তরে কাঁদিয়া কয়, কোথা কৃষ্ণ দয়াময়,
 বিপদেতে রাখ রাজা পায়।।
 অন্তরে চিন্তিত অতি, অনিদ্রাতে মহামতি,
 নিদ্রাহীন নিশি শেষ প্রায়।
 শেষযামে তন্দ্রাচ্ছন্ন, নিদ্রাকোলে অচেতন্য,
 স্বপ্নাদেশে নন্দসূত কয়।।
 কিবা চিন্তা কিবা ভয়, গুণ গোগো মহাশয়,
 আমি কৃষ্ণ পরাণ পুতলী।
 তোমার যে কিছু কাজ, সকলি লইনু আজ,
 লইনু যে তোমার অঞ্জলি।।
 গুণকর্ম অনুসারে, বিভাগ করিনু যারে,
 সেই আর্য্য ঋষির সমাজ।